



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং বামাশিবো/রিক/বীরগঞ্জ-দিনাজপুর-৮০ / ৪৮

তারিখ: ১৫/০৯/২০২০খ্রি.


অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০৬/২০২০ তারিখের ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৫৩.১৯(অংশ)-১০৩ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক ও কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিপ্রেক্ষিতে দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলাধীন বারবাড়ি ডাকঘরের অন্তর্গত বড় করিমপুর ভগীরপাড়া দাখিল মাদ্রাসায় নিম্নবর্ণিত শর্তে দাখিল স্তরে বিজ্ঞান বিভাগ খোলার অনুমতি ০১/০১/২০২০ তারিখ হতে প্রদান করা হলো। মাদ্রাসার কোড: 14991, EIIN: 120107.

পালনীয় শর্তাবলী:

১. শিক্ষা মন্ত্রণালয় আরোপিত সকল শর্ত যথাযথভাবে পালন করতে হবে।
২. প্রতিটি মাদ্রাসায় বিজ্ঞানাগার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকতে হবে।
৩. বিধি মোতাবেক সকল পদে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৪. দাখিল বিজ্ঞান বিভাগসহ প্রত্যেক শ্রেণিতে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৫. দাখিল বিজ্ঞান বিভাগের চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৬. দাখিল বিভাগের জন্য পৃথক পৃথক পাকা বিজ্ঞানাগার নির্মাণ করতে হবে।
৭. মাদ্রাসার লাইব্রেরির জন্য আরও ৫,০০০/- টাকার বিজ্ঞান বিষয়ের বই ক্রয় করতে হবে।
৮. বিজ্ঞান বিভাগের জন্য আরও ১০,০০০/- টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি/রসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে।
৯. বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীর সংখ্যা কমপক্ষে ৪০ জনে উন্নীত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


১৫.০৯.২০২০

(মোঃ আবদুল সেলিম)
মাদ্রাসা পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৫৮৬১০২০০।

সুপার

বড় করিমপুর ভগীরপাড়া দাখিল মাদ্রাসা

ডাকঘর: বারবাড়ি, উপজেলা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর।

নং বামাশিবো/রিক/বীরগঞ্জ-দিনাজপুর-৮০ /

তারিখ: / / ২০২০খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৬. জেলা প্রশাসক, দিনাজপুর।
৭. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৮. অফিস কপি।


১৫/০৯/২০

(মোহাম্মদ আবুল কাশেম সরদার)

উপ-পরিদর্শক (২)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬১১৫৩০।